



তারিখ : ৩১ অক্টোবর ২০১৬

স্মারক : রিহাব/লে আ/২০১৬/৬৬৪৮

বরাবর

সম্মানিত সদস্য

রিহাব।

বিষয় : রিহাব রজতজয়ন্তী উপলক্ষে প্রকাশিতব্য স্মরণিকায় লেখা প্রদান প্রসঙ্গে।

সূত্র স্মারক নং : রিহাব/লে আ/২০১৬/৬১৭৮ তারিখঃ ৩১ আগস্ট ২০১৬

জনাব

রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব) এর পক্ষ থেকে শুভেচ্ছা গ্রহণ করণ।

রিহাব সদস্য এবং শুভানুধ্যায়ীদের সহযোগীতায় বর্তমানে আবাসন শিল্পের সর্ববৃহৎ সংগঠন রিহাব। আসন্ন ডিসেম্বর ২০১৬ এ রিহাব বর্ণাঢ্য অনুষ্ঠান মালা নিয়ে রজতজয়ন্তী উদযাপন করতে যাচ্ছে। বিগত ২৫ বছরের নানাবিধ কর্মকান্ডের বিস্তারিত চিত্রের সমন্বয়ে “রজতজয়ন্তী স্মরণিকা” প্রকাশ করা হবে। বিগত ২৫ বছর আপনার আকুষ্ঠ সর্মথনে আমরা এই পর্যায়ে আসতে পেরেছি।

রিহাব এর ২৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে দেশবরেণ্য লেখক, আবাসন ব্যবসায়ী, সাহিত্যিক, কলামিস্ট, প্রকৌশলী, স্থপতি, বিভিন্ন পেশাজীবির নিকট থেকে আবাসন শিল্পের নানা তথ্য, মতামত, বিশ্লেষণসহ নানাবিধ জীবনমুখী লেখা আহবান করা হচ্ছে। একটি সম্পাদনা পরিষদ কর্তৃক নির্বাচিত লেখা গুরুত্বের সাথে তুলে ধরা হবে এই বিশেষ স্মরণিকায়। এই বিশেষ সংখ্যায় আপনার লেখা ও মতামত-কে অবিস্মরণীয় করে রাখার প্রয়াস সহযোগীতা কামনা করছি।

গত ৩১ আগস্ট ২০১৬ তারিখে প্রেরিত পত্র যার স্মারক নংঃ রিহাব/লে আ/২০১৬/৬১৭৮ উল্লেখিত পত্রে রিহাব রজতজয়ন্তী উপলক্ষ্যে প্রকাশিতব্য স্মরণিকায় লেখা আহবান করা হয়। এ পত্রের মাধ্যমে পুনরায় আপনাদের লেখা আহবান করা হচ্ছে। উক্ত লেখাটি আগামী ১৫ নভেম্বর ২০১৬ তারিখের মধ্যে রিহাব প্রধান কার্যালয়ে পাঠানোর জন্য অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে

প্রকৌশলী সরদার মোঃ আমিন
ভাইস প্রেসিডেন্ট (এ্যাডমিন),রিহাব।

মোঃ জহির আহমেদ
সদস্য সচিব, ২৫ বছর পূর্তি উদযাপন কমিটি।



REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH

National Plaza (5th & 6th floor), 1/G Free School Street, Sonargaon, Dhaka-1205, Tel: +880 2 966 2114, 966 2482, 966 3458, 966 9897, 967 7877
Fax: +880 2 961 4606, E-mail: info@rehab-bd.org, URL: www.rehab-bd.org